## সাধারণ বিজ্ঞপ্তি

### বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৫ উপলক্ষ্যে INDUSTRY EXHIBITION এ অংশগ্রহণ

১। আগামী ২১ জুন ২০২৫ তারিখে বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীর তত্ত্বাবধানে ঢাকায় একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত নৌসদর কর্তৃক গৃহীত হয়েছে। সেমিনারটি ঢাকাস্থ বিজয় স্মরণী সামরিক জাদুঘরের মাল্টিপারপাস হলে আয়োজন করা হবে। বর্ণিত সেমিনারে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসসহ ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটির সকল সংস্থার উচ্চপদস্থ প্রতিনিধিগণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা সংস্থার সদস্যবৃন্দ এবং দেশের মেরিটাইম সেক্টরের সকল শাখার স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করবেন। উক্ত ভেন্যুতে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসের কর্মকাণ্ড ও যন্ত্রপাতি প্রদর্শন করা হবে। একইসঙ্গে, উক্ত সেমিনারে Hydrography, Oceanography ও Meteorology সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রস্তুতকারী সংস্থাসমূহের স্থানীয় প্রতিনিধিদের অংশগ্রহণে একটি Industry Exhibition আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রদর্শনীতে ১০´ x ৬´ (দশ বাই ছয় ফুট) মাপের স্টল বরাদ্দ এবং Product Portfolio প্রদর্শনের সুযোগ থাকবে। এক্ষেত্রে স্টল তৈরি বাবদ ইভেন্টম্যানেজমেন্টকে টাকা ৪০,০০০.০০ (টাকা চল্লিশ হাজার মাত্র) প্রদানের প্রয়োজন হবে।

২। বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৫ সেমিনার ভেন্যুতে অনুষ্ঠিতব্য Industry Exhibition এ অংশগ্রহণের বিষয়ে আগ্রহী হলে আগামী ০৫ জুন ২০২৫ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

পরিচালক
হাইড্রোগ্রাফি পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩
ফোনঃ +৮৮ ০১৭৬৯ ৭০২১৭৫
ইমেইলঃ dhydrooffice@gmail.com
dhydro@navy.mil.bd

SO(H)